অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/17/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

নিউ ইয়র্ক রাজ্যের খাদ্য নিরাপত্তাহীনতায় ভোগা এবং রাজ্যের কৃষকদের সাহায্য করার জন্য গভর্নর কুওমো 1.5 মিলিয়ন মার্কিন ডলার 'ফিডিং নিয়ইয়র্ক স্টেট' কে প্রদান করার ঘোষণা করেছেন

রাষ্ট্রের চলমান নারিশ নিউ ইয়র্ক উদ্যোগের অংশ হিসেবে, এই অর্থায়ন গুণমান সহ স্থানীয় খাদ্যের সঙ্গে নিউ ইয়র্কবাসীদের সংযুক্ত করতে সাহায্য করবে

এই অর্থায়ন খাদ্য সরবরাহ সচল রাখতে জটিল পরিবহন এবং লজিস্টিক সহায়তা প্রদান করে

DEC-র 'সেবা দিবস' অনুষ্ঠানে উত্তর-পূর্ব NY এর আঞ্চলিক খাদ্য ব্যাংকের ছবি এখানে

গভর্নর এন্ড্রু এম. কুওমো আজ 10টি আঞ্চলিক খাদ্য ব্যাংকের নেটওয়ার্কের জন্য 'ফিডিং নিউ ইয়র্ক স্টেট' (Feeding New York State) এর উদ্দেশ্যে 1.5 মিলিয়ন মার্কিন ডলারের তহবিল ঘোষণা করেছেন। এই অর্থায়ন, রাজ্যের পরিবেশ সুরক্ষা তহবিলের (Environmental Protection Fund) মাধ্যমে উপলব্ধ করা হয়েছে, COVID-19 বিশ্বব্যাপী মহামারীর অর্থনৈতিক ও জনস্বাস্থ্যের প্রভাবের কারণে খাদ্য ব্যাংক সেবাগুলির বর্ধিত চাহিদার প্রতিক্রিয়ায়, এবং খাদ্য নষ্ট হওয়া প্রতিরোধ করতে রাজ্যের চলমান প্রচেষ্টাকেও এটি সমর্থন করে।

"আপনি যদি ইতিহাসে ফিরে তাকান, কখনও কখনও মানুষকে জাগিয়ে তুলতে একটি সঙ্কোটের প্রয়োজন হয়," **গভর্নর কুওমো বলেন।** "এই সংকট খাদ্য নিরাপত্তাহীনতাকে প্রকট করে তুলেছে - এটি এমন একটি বিষয় যার সাথে অনেক আমেরিকান দুর্ভাগ্যবশতঃ পরিচিত, এবং আমরা শুধু মনোযোগ দিচ্ছি তাই নয়, বরং আমরা ব্যবস্থা নিচ্ছি যাতে নিউ ইয়র্কবাসীরা ক্ষুধার্ত না থাকেন এবং তাজা, স্বাস্থ্যকর খাবার পান।"

আজ ঘোষিত অর্থায়ন ফিডিং নিউ ইয়র্ক স্টেটকে প্রক্রিয়াজাত করা শেল্ফ-স্থিতিশীল দুধের পরিমাণ বাড়াতে সক্ষম করবে এবং আঞ্চলিক খাদ্য ব্যাংকগুলোতে আনুমানিক 900,000 গ্যালন বিতরণ করবে; এবং প্রায় 6.7 মিলিয়ন পাউন্ড মানসম্পন্ন, নিউইয়র্কে উৎপাদিত পণ্য আঞ্চলিক খাদ্য ব্যাংকে পাঠাবে।

COVID-19 নিউ ইয়র্কের খাদ্য দান এবং বিতরণ ব্যবস্থার উপর মারাত্মক প্রভাব ফেলছে। ফিডিং নিউ ইয়র্ক স্টেটের 10টি আঞ্চলিক খাদ্য ব্যাংকের নেটওয়ার্ক খাদ্যের চাহিদা 40 থেকে 200 শতাংশ বৃদ্ধি পাওয়ার অভিজ্ঞতা করছে। গ্রাহক চাহিদা বৃদ্ধি ছাড়াও, খাদ্য ব্যাংকগুলি খাদ্য কেনার ক্ষেত্রে উল্লেখযোগ্য ব্যাকলগের মোকাবেলা করছে যা সাধারণত অনুদানের সম্পূরক। একই সাথে, নিউ ইয়র্কের কৃষক এবং দুগ্ধ প্রক্রিয়াকারকরা ডেয়ারি এবং উৎপাদিত জিনিষপত্রের বিক্রি করার বাজার হারিয়েছে, যার ফলে খাদ্য এবং দুধ অপচয় হয়েছে। এই অর্থায়ন খাদ্য ব্যাংক এবং কৃষকদের প্রয়োজনীয় অতিরিক্ত লজিস্টিক এবং পরিবহন সহায়তা প্রদান করবে যাতে অভাবগ্রস্ত ব্যক্তিদের খাদ্য বিতরণ করা যায়।

এই ঘোষণাটি মে মাসে গভর্নর কুওমোর কর্তৃক ঘোষিত 25 মিলিয়ন মার্কিন ডলারের নারিশ নিউ ইয়র্ক উদ্যোগকে সমর্থন করে, যা নিউ ইয়র্কবাসীদের, যাদের সবচেয়ে বেশি প্রয়োজন, তাদের জন্য উদ্বৃত্ত কৃষিপণ্যকে টার্গেট করে, রাজ্যের খাদ্য ব্যাংকের নেটওয়ার্কের মাধ্যমে। স্টেট ডিপার্টমেন্ট অফ এগ্রিকালচার অ্যান্ড মার্কেটস (State Department of Agriculture and Markets) দ্রুত উদ্বৃত্ত কৃষি পণ্য নিউ ইয়র্কের খাদ্য ব্যাংকের নেটওয়ার্কের মাধ্যমে যাদের সবচেয়ে বেশি প্রয়োজন তাদের কাছে পৌঁছে দিতে কাজ করছে।

ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের (Department of Environmental Conservation) কমিশনার, বেসিল সেগোস বলেন, "আমাদের সাথী নিউ ইয়র্কবাসীদের সাহায্য করা এত বেশি গুরুত্বপূর্ণ বা এত প্রয়োজনীয় আগে কখনো ছিল না, কারণ সারা রাজ্য জুড়ে পরিবারগুলো ক্রমবর্ধমান খাদ্য নিরাপত্তাহীনতার সম্মুখীন হচ্ছে, যা COVID-19 এর তরঙ্গ প্রভাবের কারণে আরো খারাপ হয়ে পড়েছে। নিউ ইয়র্ক স্টেট আবার ফিডিং নিউ ইয়র্ক স্টেট, খাদ্য ব্যাংক নেটওয়ার্ক, এবং কৃষক, যারা গুণগত মান সম্পন্ন, স্থানীয়ভাবে প্রস্তুত কৃষিজাত পণ্য এবং অন্যান্য পণ্য উৎপাদন করতে সক্ষম যা শক্তিশালী পরিবার এবং সম্প্রদায় গড়ে তুলতে সাহায্য করবে, তাদের সাথে অংশীদারিত্ব করতে পেরে গর্বিত।"

অঙ্গরাজ্যের কৃষি কমিশনার রিচার্ড এ. বল বলেন, "মাত্র কয়েক মাসের মধ্যে, গভর্নরের নারিশ NY প্রোগ্রাম লক্ষ লক্ষ পাউন্ডের উদ্বৃত্ত দুধ এবং কৃষিজাত পণ্য আমাদের খামার থেকে সেই সব সম্প্রদায়গুলির উদ্দেশ্যে পুনর্নির্দেশিত করেছে জাএর সেগুলির প্রয়োজন সব চেয়ে বেশি। DEC-র এই অতিরিক্ত তহবিল নারিশ NY প্রোগ্রামকে এবং আমাদের খাদ্য ব্যাংকগুলোর গুরুত্বপূর্ণ কাজকে সমর্থন করবে এই স্বাস্থ্যকর, পুষ্টিকর খাদ্য প্রক্রিয়াকরণ এবং পরিবহন করার ক্ষমতা বাড়িয়ে এবং খাদ্য সরবরাহ শৃঙ্খলের মধ্য দিয়ে সেগুলি অগ্রসর মাধ্যমে।"

ফিডিং নিউ ইয়র্ক স্টেট এক্সিকিউটিভ ডিরেক্টর ড্যান ইগান বলেন, "নিউ ইয়র্কে আমাদের 10টি খাদ্য ব্যাংক DEC আমাদের যে সুযোগ দিচ্ছে তার জন্য কৃতজ্ঞ। নিউ ইয়র্কবাসী যারা তাদের আয় হারিয়েছে তাদের ক্ষুধার ভয় করা উচিত নয়, বিশেষ করে এমন এক সময়ে যখন আমাদের উৎপাদনশীল কৃষকদের কাছে পুষ্টিকর কৃষিজাত পণ্য এবং দুগ্ধজাত পণ্য উপলভ্য আছে। এই তহবিল ছাড়া, এই খাদ্যের বেশীরভাগই অপচয় হয়ে যেত, যা পরিবেশের উপর প্রভাব ফেলত। আমরা

এখন নিউ ইয়র্কের কৃষকদের জন্য গ্রাহক হতে সক্ষম, এবং আমাদের প্রতিবেশীদের, যাদের চাহিদা আছে, তাদের সর্বোচ্চ মানের খাদ্য সরবরাহ করতে সক্ষম।"

ফিডিং নিউ ইয়র্ক স্টেট প্রতি বছর 5,000টিরও বেশি ফুড প্যান্ট্রি, স্যুপ কিচেন, আশ্রয়কেন্দ্র এবং অন্যান্য কর্মসূচীর মাধ্যমে লক্ষ লক্ষ মানুষদের খাওয়াতে সহায়তা করে। খাদ্য ব্যাংকের প্রতিনিধিত্ব করতে এবং শিক্ষার প্রচেষ্টায় তাদের সহায়তা করতে এবং তহবিল সংগ্রহের প্রচেষ্টায় সাহায্য করার জন্য 2004 সালে এটি গঠিত হয়। ফিডিং নিউ ইয়র্ক স্টেট এই আঞ্চলিক খাদ্য ব্যাংকগুলোর মিশনকে সমর্থন করে: প্রতিটি সম্প্রদায়ের প্রতিটি মানুষের যাতে ভালো, স্বাস্থ্যকর খাদ্যের অ্যাক্সেস থাকে তা নিশ্চিত করে; খাদ্য নিরাপত্তাহীনতা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করে; এবং দান এবং স্বেচ্ছাসেবকদের সাহায্য উৎসাহিত করে।

নিউ ইয়র্ক রাজ্য দীর্ঘকাল যাবত ক্ষুধার বিরুদ্ধে লড়াইয়ের প্রতি প্রতিশ্রুতিবদ্ধ এবং গভর্নর কুওমো সাম্প্রতিক বছরগুলিতে যুগান্তকারী উদ্যোগ এবং কর্মসূচী চালু করেছেন, যার মধ্যে আছে কাউন্সিল অন হাংগার এ্যান্ড ফুড পলিসি (Council on Hunger and Food Policy), ভাইটাল ব্রুকলিন (Vital Brooklyn) এবং নো স্টুডেন্ট গোজ হাংরি ইনিশিয়েটিভ (No Student Goes Hungry initiative), যা ক্ষুধার সাথে লড়াই করতে, স্বাস্থ্যকর, স্থানীয়ভাবে প্রাপ্ত খাবারের উপলভ্যতা উন্নত করতে এবং নিউ ইয়র্কে ফলিত খাবার এবং পানীয়গুলি বঞ্চিত সম্প্রদায়গুলির কাছে পৌঁছে দিতে সাহায্য করবে। গভর্নর কুওমো আগে এই বছরে 4.3 মিলিয়ন মার্কিন ডলারের বেশি অনুদান ঘোষণা করেছিলেন, আজকের অনুদানের ঘোষণা তার উপর আরো গড়ে তোলে রাজ্য জুড়ে প্রকল্পগুলির জন্য যা ক্ষুধা রোধ করতে সাহায্য করবে এবং খাদ্য বর্জ্যের নিষ্পত্তি হ্রাস করতে সহায়তা করবে খাদ্য দান এবং পুণরায় ব্যবহারযোগ্য করার মাধ্যমে। অনুদানগুলিও গভর্নরের স্বাক্ষরিত 2019 ফুড ডোনেশন অ্যান্ড ফুড স্ক্র্যাপস রিসাইক্লিং ল্যয়ের (2019 Food Donations and Food Scraps Recycling law) সাফল্যের ভিত্তিতে গঠিত, যার জন্য প্রথমে অভাবগ্রস্থদের ভোজ্য খাদ্য দান করার জন্য সমস্ত মনোনীত ফুড স্ক্র্যাপ জেনারেটর বাধ্য করে, এবং দ্বিতীয়ত, যদি কোনও কার্যকর পুনর্ব্যবহারযোগ্য ফেসিলিটি 25 মাইলের মধ্যে অবস্থিত থাকে তাহলে খাদ্য স্ক্র্যাপগুলি পুনর্ব্যবহার করা।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন